# বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
# যানজট কমাবে মেট্রোরেল



## ০২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## MRT Line-1 এর নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ

MRT Line-1 এর নির্মাণ কাজ ১২টি প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করা হবে। প্যাকেজগুলোর নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য গত ২৩ অক্টোবর ২০২২ তারিখ আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান Nippon Koei Co., Ltd. (Japan) JV কে নিয়োগ প্রদান করা হয়েছে।




নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

## অন্যান্য কন্ট্রাক্ট প্যাকেজসমূহের সংক্ষিপ্ত বিবরণ ও বাস্তবায়ন অগ্রগতি

**প্যাকেজ CP-02 (ডিপো এলাকার পূর্ত কাজ ও ভবন নির্মাণ):** এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতা দলিল প্রস্তুত করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। উন্নয়ন সহযোগী সংস্থার অনাপত্তি পাওয়ার পরপরই প্রাক-যোগ্যতার আবেদন আহ্বান করা যাবে বলে আশা করা যায়।

**প্যাকেজ CP-03 (কমলাপুর থেকে রামপুরা পর্যন্ত মেইন লাইন ও স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদন মূল্যায়ন প্রতিবেদনের উপর উন্নয়ন সহযোগী সংস্থার নিকট হতে অনাপত্তি পাওয়া গিয়েছে। সহসাই নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা হবে।

**প্যাকেজ CP-04 (রামপুরা স্টেশনের উত্তর প্রান্ত থেকে নতুন বাজার পর্যন্ত মেইন লাইন ও স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদন মূল্যায়ন প্রতিবেদনের উপর উন্নয়ন সহযোগী সংস্থার নিকট হতে অনাপত্তি পাওয়া গিয়েছে। সহসাই নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা হবে।

**প্যাকেজ CP-05 (ট্রানজিশন পয়েন্ট থেকে নদ্দা স্টেশন হয়ে নতুন বাজার স্টেশনের উত্তর প্রান্ত পর্যন্ত মেইন লাইন ও স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদন মূল্যায়ন প্রতিবেদনের উপর উন্নয়ন সহযোগী সংস্থার নিকট হতে অনাপত্তি পাওয়া গিয়েছে। সহসাই নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা হবে।

**প্যাকেজ CP-06 (নদ্দা স্টেশনের উত্তর প্রান্ত থেকে বিমানবন্দর পর্যন্ত মেইন লাইন ও স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদন মূল্যায়ন প্রতিবেদনের উপর উন্নয়ন সহযোগী সংস্থার নিকট হতে অনাপত্তি পাওয়া গিয়েছে। সহসাই নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা হবে।

**প্যাকেজ CP-07 (ট্রানজিশন পয়েন্ট থেকে বালু নদীর পূর্ব পাড় পর্যন্ত মেইন লাইন ও স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতা দলিল প্রস্তুত করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। উন্নয়ন সহযোগী সংস্থার অনাপত্তি পাওয়ার পরপরই প্রাক-যোগ্যতার আবেদন আহ্বান করা যাবে বলে আশা করা যাচ্ছে।


**প্যাকেজ CP-08 (বালু নদীর পূর্ব পাড় থেকে ডিপোর প্রবেশমুখ পর্যন্ত মেইন লাইন ও স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতা দলিল প্রস্তুত করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। উন্নয়ন সহযোগী সংস্থার অনাপত্তি পাওয়ার পরপরই প্রাক-যোগ্যতার আবেদন আহ্বান করা যাবে বলে আশা করা যায়।

**প্যাকেজ CP-09 (ট্র্যাক ওয়ার্কস এন্ড ইলেকট্রিক্যাল ফ্যাসিলিটিজ):** এই প্যাকেজের প্রাক-যোগ্যতার আবেদন গত ০৮ আগস্ট ২০২২ তারিখ আহ্বান করা হয়েছে। প্রাক-যোগ্যতার আবেদন গত ০৬ ডিসেম্বর ২০২২ তারিখ উন্মুক্ত করা হয়েছে। প্রাপ্ত আবেদনসমূহের মূল্যায়নের কাজ চলছে।

**প্যাকেজ CP-10 (সিগন্যাল সিস্টেম, টেলিকমিউনিকেশন সিস্টেম, এন্টারপ্রাইজ রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম ও প্ল্যাটফরম স্ক্রিন ডোরস্):** এই প্যাকেজের প্রাক-যোগ্যতার আবেদন গত ২২ আগস্ট ২০২২ তারিখ আহ্বান করা হয়। প্রাক-যোগ্যতার প্রাপ্ত আবেদনসমূহ গত ২১ নভেম্বর ২০২২ তারিখ উন্মুক্ত করা হয়েছে। প্রাপ্ত আবেদনসমূহের মূল্যায়নের কাজ চলছে।

**প্যাকেজ CP-11 (অটোমেটিক ফেয়ার কালেকশন সিস্টেম):** এই প্যাকেজের প্রাক-যোগ্যতার আবেদন গত ০৮ আগস্ট ২০২২ তারিখ আহ্বান করা হয়। প্রাক-যোগ্যতার প্রাপ্ত আবেদনসমূহ গত ০৭ নভেম্বর ২০২২ তারিখ উন্মুক্ত করা হয়। প্রাক-যোগ্যতার আবেদনসমূহ মূল্যায়ন শেষে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। উন্নয়ন সহযোগী সংস্থার অনাপত্তি পাওয়ার পরপরই নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা হবে বলে আশা করা যায়।

**প্যাকেজ CP-12 (রোলিং স্টক ও ডিপো ইকুইপমেন্ট):** এই প্যাকেজের প্রাক-যোগ্যতা দলিল প্রস্তুত করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। উন্নয়ন সহযোগী সংস্থার অনাপত্তি পাওয়ার পরপরই প্রাক-যোগ্যতার আবেদন আহ্বান করা যাবে বলে আশা করা যাচ্ছে।




**MRT Line-1 এর উভয় রুটের রুট এ্যালাইনমেন্ট ও স্টেশন**

## সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬ (ছয়) টি মেট্রোরেলের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎচালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ Early Commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২৬ জুন ২০১৬ তারিখ MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেছিলেন এবং গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেলের বাণিজ্যিক চলাচলের শুভ উদ্বোধন করেছেন। বর্তমানে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশে প্রতিদিন মেট্রোরেল চলাচল করছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 এর কার্যক্রম বিভিন্ন পর্যায়ে বাস্তবায়নাধীন আছে। ২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ ও ১৪টি স্টেশন বিশিষ্ট MRT Line-5: Northern Route এর Feasibility Study, Basic Design ও ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। Detailed Design ও দরপত্র আহ্বানের কার্যক্রম বিভিন্ন পর্যায়ে বাস্তবায়নাধীন আছে। ২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে আফতাব নগর পশ্চিম পর্যন্ত ১২.৮০ কিলোমিটার পাতাল এবং আফতাব নগর সেন্টার থেকে দাশেরকান্দি পর্যন্ত ৪.৬০ কিলোমিটার উড়াল মোট ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route নির্মাণের লক্ষ্যে Feasibility Study সম্পন্ন হয়েছে। Engineering Design এর কাজ শেষ পর্যায়ে রয়েছে। একই সময়ের মধ্যে গাবতলী - নিউমার্কেট - গুলিস্তান - কমলাপুর - দামড়িপাড়া - সাইনবোর্ড হয়ে নারায়ণগঞ্জ পর্যন্ত মেইন লাইন এবং গোলাপ শাহ মাজার হতে সদরঘাট পর্যন্ত ব্রাঞ্চ লাইন হিসেবে উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ৩৫ কিলোমিটার দীর্ঘ MRT Line-2 এবং কমলাপুর থেকে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

## MRT Line-1

উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ এবং ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: বিমানবন্দর রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)।

- **বিমানবন্দর রুট:** এই রুটের দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশনের সংখ্যা ১২টি। স্টেশনগুলো হচ্ছে: বিমানবন্দর - বিমানবন্দর টার্মিনাল ৩ - খিলক্ষেত - নদ্দা - নতুন বাজার - উত্তর বাড্ডা - বাড্ডা - আফতাব নগর - রামপুরা - মালিবাগ - রাজারবাগ - কমলাপুর। **বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা Underground মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।**

- **পূর্বাচল রুট:** এই রুটের দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। স্টেশনগুলো হচ্ছে: নতুন বাজার - নদ্দা - জোয়ার সাহারা - বোয়ালিয়া - মস্তুল - শেখ হাসিনা ক্রিকেট স্টেডিয়াম - পূর্বাচল সেন্টার - পূর্বাচল পূর্ব - পূর্বাচল টার্মিনাল। পূর্বাচল রুটের মধ্যে ৩.৬৫৭ কিলোমিটার ট্রানজিশন অংশ রয়েছে। ৯টি স্টেশনের মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নদ্দা ও নতুন বাজার স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতালে নির্মিত হবে। নদ্দা ও নতুন বাজার স্টেশনের আন্তঃরুট সংযোগ ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে।

- **MRT Line-1 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ:** নতুন বাজার মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর মধ্যে এবং আফতাব নগর মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর মধ্যে আন্তঃলাইন সংযোগ থাকবে। কমলাপুর মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-১, এমআরটি লাইন-২, এমআরটি লাইন-৪ এবং এমআরটি লাইন-৬ এর মধ্যে আন্তঃলাইন সংযোগ থাকবে।

- **MRT Line-1 এর ডিপো:** ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় ৯২.৯৭২৫ একর ভূমি ১২২৯.১০৭৮ কোটি টাকা ব্যায়ে অধিগ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আজ ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেছেন। এরই মাধ্যমে বাংলাদেশের প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজ শুরু হল।

- **MRT Line-1 এর ডিপোর ভূমি অধিগ্রহণের পুনর্বাসন কর্মসূচী:** MRT Line-1 এর ডিপো নির্মাণের জন্য ১০৩৩ জন ভূমি মালিক, ১২ জন ব্যবসায়ী এবং ০২টি সাধারণের জন্য ব্যবহার্য প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত ভূমি মালিকের মধ্যে অনেকের নাম বিভিন্ন দাগে একাধিকবার থাকায় চূড়ান্ত হিসেবে প্রত্যক্ষভাবে ভূমির মালিকানা আছে এমন ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের সংখ্যা ৫৩৬। ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রকল্প কর্তৃপক্ষ হতে পুনর্বাসন বাবদ মোট ৩৬,৯৪,০৩,২৮৪ ছেত্রিশ কোটি চুরানব্বই লক্ষ তিন হাজার দুইশত চুরাশি) টাকার সম্ভাব্য ক্ষতিপূরণ প্রদানের সংস্থান রাখা হয়েছে। ইতোমধ্যে পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম শুরু করা হয়েছে।

## MRT Line-1 প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

| | |
|---|---|
| প্রকল্পের নাম | : ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) |
| বাস্তবায়নকারী সংস্থা | : ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) |
| বিভাগ | : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| মন্ত্রণালয় | : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| প্রকল্প ব্যয় | : মোট | : ৫২,৫৬১.৪৩ কোটি টাকা |
| | জিওবি | : ১৩,১১১.১১ কোটি টাকা |
| | প্রকল্প সহায়তা | : ৩৯,৪৫০.৩২ কোটি টাকা |
| অর্থায়ন | : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও JICA | |
| প্রকল্পের মেয়াদ | : সেপ্টেম্বর ২০১৯ - ডিসেম্বর ২০২৬ | |
| যাত্রী পরিবহন সক্ষমতা | : ২০২৬ সালে দৈনিক ৮ লক্ষ | |

## Contract Package Number CP-01 এর সংক্ষিপ্ত বিবরণ

এই প্যাকেজের আওতায় নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ মৌজায় ৩৫.৯০ হেক্টর বা ৮৮.৭১ একর ভূমিতে MRT Line-1 এর ডিপোর ভূমি উন্নয়ন কাজের জন্য গত ২৩ নভেম্বর ২০২২ তারিখ ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। ভূমি উন্নয়ন কাজের পদ্ধতি ও বাস্তবায়নকালের উপর ভিত্তি করে পুরো এলাকাকে মোট ছয়টি জোনে বিভক্ত করার পরিকল্পনা রয়েছে। এই কাজে Static Sand Compaction Pile, Dynamic Sand Compaction Pile, Prefabricated Vertical Drain ইত্যাদি আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হবে। ডিপোর ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হওয়ার পর এই এলাকায় কন্ট্রাক্ট প্যাকেজ CP-02 এর আওতায় ডিপোর প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং Electrical ও Mechanical System স্থাপন করা হবে। MRT Line-1 এর বিমানবন্দর রুট ও পূর্বাচল রুটে চলাচলকারী সকল মেট্রো ট্রেন এই ডিপোর সুবিধাসমূহ ব্যবহার করবে।

**ঠিকাদারী প্রতিষ্ঠান** : Tokyu Construction Co., Ltd (Japan) and Max Infrastructure Limited (Bangladesh) Joint Venture

| | | |
|---|---|---|
| চুক্তি মূল্য | : মোট | : ৬০৭.৬৫ কোটি টাকা |
| | জিওবি | : ৮১.৮৩ কোটি টাকা |
| | প্রকল্প সহায়তা | : ৫২৫.৮২ কোটি টাকা |
| চুক্তি স্বাক্ষরের তারিখ | : ২৩ নভেম্বর ২০২২ | |
| বাস্তবায়নের সময়কাল | : ৯১০ দিন | |



**মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র অর্জন**
**গণপরিবহনে মেট্রোরেল সংযোজন**